

# থাইভেট বিশ্ববিদ্যালয়ে একাধিক ক্যাম্পাস থাকতে পারবে না

স্টাফ রিপোর্টার : বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী বলেন, বাংলাদেশের উচ্চশিক্ষার ক্ষেত্রে বিপ্লব ঘটছে। গত পাঁচ বছরে শিক্ষার গুণগত মান বৃদ্ধি পেয়েছে। গতকাল (শনিবার) রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প সংবাদ সম্মেলনের আয়োজনে তিনি এ কথা বলেন। তিনি বলেন, থাইভেট বিশ্ববিদ্যালয়ের একাধিক ক্যাম্পাস থাকতে পারবে না। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কয়েকটি বিশ্ববিদ্যালয়কে চিহ্নিত করে প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছে।

তাদের নিজস্ব ক্যাম্পাসে ফিরে যাওয়ার জন্য। তিনি উচ্চশিক্ষা উন্নয়ন প্রকল্পের ব্যাপারে বলেন, প্রথমদিকে ৮৯টি বিশ্ববিদ্যালয়কে কাজ করার সুযোগ দেয়া হয়েছিল। দ্বিতীয় প্রকল্পটির জন্য ১৮৯ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে। সর্বমোট ১০৭টি উপ-প্রকল্প শর্তসাপেক্ষে নির্বাচিত হয়েছে।

তিনি আরো বলেন, দেশের উন্নয়নের জন্য দক্ষ জনশক্তির কোনো বিকল্প নেই। চীন, জাপান, ব্রাজিলের পাশাপাশি বাংলাদেশের মানুষও আন্তর্জাতিক মহলে কদর পাবে। শিক্ষার্থীদের প্রচলিত শিক্ষার পাশাপাশি প্রযুক্তি নির্ভর শিক্ষা গ্রহণ করে নিজেদের গড়ে তুলতে হবে।

চেয়ারম্যান বলেন, বাংলাদেশ সরকার ও বিশ্ব ব্যাংকের যৌথ অর্থায়নে গৃহীত ও ইউজিসি কর্তৃক বাস্তবায়নাবীন উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প (হেকপ) উচ্চশিক্ষার মান অর্জন ও উৎকর্ষ সাধনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে উল্লেখ করেন। সভায় অন্যদের মধ্যে

## সংবাদ সম্মেলনের আয়োজনে ইউজিসি চেয়ারম্যান

ইউজিসি সদস্য প্রফেসর ড. আতফুল হাই শিবলী ও হেকপ প্রকল্প পরিচালক আনিজ ফাতিমা, এনডিসি। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- ইউজিসি সদস্য প্রফেসর ড. এম. মুহিবুর রহমান, প্রফেসর ড. মোহাম্মদ মোহাম্মদ খান, প্রফেসর ড. আবুল হাশেম এবং প্রফেসর ড. মো. আবতার হোসেন।